



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
www.dpe.gov.bd  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬



অবিলম্বে  
সীমিত

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৭০০.১৪.০১৭.২১.৭১

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৮

০৪ আগস্ট ২০২১

বিষয়: **চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশরুম নির্মাণের জন্য তালিকা প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর এওপি ১২২ এর আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ০২ (দুই)টি করে ওয়াশরুম নির্মাণের কার্যক্রম চলমান আছে। উক্ত কার্যক্রমের জন্য সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অগ্রাধিকারভিত্তিক তালিকা প্রয়োজন। এমতাবস্থায়, নিম্নের শর্ত অনুসরণপূর্বক আগামী ২০ আগস্ট ২০২১ তারিখের মধ্যে তাঁর বিভাগের সকল উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশরুম নির্মাণের তালিকা প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

শর্তাবলী :

ক) পিইডিপি-৩, পিইডিপি৪, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চাহিদাভিত্তিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প এবং নবজাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চাহিদাভিত্তিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প-এর আওতায় নির্মিত ও নির্মিতব্য ৪২,১৬৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশরুম নির্মাণের অনুমোদিত তালিকা এতদসঙ্গে প্রেরণ করা হলো। দ্বৈততা পরিহারের লক্ষ্যে উক্ত তালিকায় উল্লেখিত বিদ্যালয়সমূহ বাদ রেখে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নাম নির্বাচন করতে হবে। প্রতিটি বিদ্যালয়ে দুইটি করে ওয়াশরুম নির্মাণের লক্ষ্যমাত্রা আছে, তবে সংযুক্ত তালিকার কোন বিদ্যালয়ে একটি মাত্র ওয়াশরুম নির্মিত হয়ে থাকলে উক্ত বিদ্যালয়ে আরো ০১ টি ওয়াশরুম নির্মাণের প্রস্তাব করা যাবে।

খ) যেসকল বিদ্যালয়ে ওয়াশরুম/ টয়লেট নেই বা টয়লেট থাকলেও প্রয়োজনের তুলনায় অপ্রতুল এবং ছাত্রছাত্রীর সংখ্যা বেশী, সেসকল বিদ্যালয়কে অগ্রাধিকার দিয়ে প্রতিটি উপজেলা হতে ওয়াশরুম নির্মাণের জন্য পৃথকভাবে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নাম নির্বাচন করতে হবে।

গ. যে সকল বিদ্যালয়ে পাকা ভবন আছে এবং ভবনসমূহ পিইডিপি ২ বা পিইডিপি ৩ সময়কালে নির্মিত হয়ে থাকলে সে সকল বিদ্যালয়ে ভবন সংলগ্ন (এটাচ্ছ) ওয়াশরুম নির্মাণ করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে। যে সকল বিদ্যালয়ে পাকা ভবন আছে কিন্তু ভবন সংলগ্ন ওয়াশরুম নির্মাণের জন্য যথেষ্ট জায়গা নেই, অর্থাৎ ভবন সংলগ্ন (এটাচ্ছ) ওয়াশরুম নির্মাণ করা কোনভাবেই সম্ভব নয় সে সকল বিদ্যালয়ে সেপারেট ওয়াশরুম নির্মাণের জন্য তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে। সেক্ষেত্রে মাস্টার প্ল্যান প্রণয়ন কমিটি কর্তৃক ওয়াশরুম নির্মাণের স্থান নির্ধারণ করতে হবে।

ঘ. প্রতি উপজেলা হতে ২০ থেকে ২৫ টি বিদ্যালয়ের নাম তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে এবং প্রয়োজনীয়তার গুরুত্ব বিবেচনায় ক্রমানুসারে তালিকা প্রণয়ন করতে হবে। অর্থাৎ যে বিদ্যালয়ে সবচেয়ে বেশি প্রয়োজন সে বিদ্যালয়ের নাম ক্রমিক ১-এ এন্ট্রি করতে হবে এবং ধারাবাহিকভাবে ওয়াশরুমের প্রয়োজনীয়তা বিবেচনা করে বিদ্যালয়ের তালিকা প্রণয়ন করতে হবে। উল্লেখ্য, প্রতিটি বিদ্যালয়ে ২টি করে ওয়াশরুম নির্মাণ করা হবে।


ঙ. উপজেলা শিক্ষা অফিস থেকে সংযুক্ত ছকে (Excel worksheet-এ) NikoshBan ইউনিকোডে ওয়াশরুম নির্মাণের তথ্য সংকলিত করে তালিকা সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসে আগামী ১৪ আগস্ট ২০২১ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

চ. জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ তাঁদের জেলার উপজেলা শিক্ষা অফিস থেকে প্রাপ্ত ওয়াশরুম নির্মাণের তালিকা সংযুক্ত ছক মোতাবেক (Excel worksheet-এ) NikoshBan ইউনিকোডে সংকলিত করে পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ বরাবর স্বাক্ষরিত হার্ডকপি এবং স্বাক্ষরিত পিডিএফ কপি ও পিডিএফ বিহীন সফ্ট কপি [kawsarsabina@gmail.com](mailto:kawsarsabina@gmail.com), ও [adplandpe@gmail.com](mailto:adplandpe@gmail.com) ঠিকানায় আগামী ২০ আগস্ট তারিখের মধ্যে প্রেরণ করবেন।

ছ. উপপরিচালকগণ তাঁদের আওতার সকল জেলা প্রাথমিক শিক্ষা অফিস কর্তৃক ওয়াশরুম নির্মাণের জন্য সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উপরোক্ত তালিকা প্রণয়ন কার্যক্রম তত্ত্বাবধান করবেন এবং নির্ধারিত সময়ের মধ্যে ওয়াশরুম নির্মাণ সংক্রান্ত সরকারি প্রাথমিক

বিদ্যালয়ের তালিকার সফট কপি এবং হার্ড কপি অনুচ্ছেদ চ-এ বর্ণিত ঠিকানায় প্রেরণ নিশ্চিত করবেন।

সংযুক্ত: ওয়াশব্লক নির্মাণের তথ্য ছক, ৪২,১৬৩ টি বিদ্যালয়ের তালিকা,



৪-৮-২০২১

দিলীপ কুমার বণিক  
পরিচালক

উপপরিচালক,


ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৭০০.১৪.০১৭.২১.৭১/১(৬৬)

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৮  
০৪ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
- ২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৩) উপজেলা / থানা শিক্ষা অফিসার (সকল),... ..



৪-৮-২০২১

দিলীপ কুমার বণিক  
পরিচালক